

মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের শিক্ষা দপ্তরের গ্রন্থাগারের অন্তর্ভুক্ত হল ডঃ অরিজিৎ দাসে আবিষ্কৃত রসায়নের সহজ শিক্ষাদান পদ্ধতি সহ সূত্রাবলী

Posted on December 13, 2020 by santanu99 —

আপডেট প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর ১১। রসায়ন চর্চা আর গবেষণামূলক কাজের মূল্যায়নে বহুবার দেশে বিদেশে স্বীকৃতি পেছেন রাজ্যের কৃতি সন্তান ডঃ অরিজিৎ দাস। এরপরেও থেমে থাকেনি আগরতলার বি বি এম কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাসের রসায়ন চর্চা আর গবেষণা। সুদীর্ঘ গবেষণার ফসল হিসেবে সম্প্রতি ডঃ দাসের আবিষ্কৃত রসায়নের ২০টি সহজ শিক্ষাদান পদ্ধতি সহ ৪০টি সূত্র সূচিবদ্ধ হয় মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের শিক্ষা দপ্তরে। পাশাপাশি ডঃ দাসের 'Predicting the Hybridization State: A Comparative Study between conventional and innovative formulae' শীর্ষক একটি আর্টিকেল অন্তর্ভুক্ত করা হয়।

নিবন্ধটি (আর্টিকেল) মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের শিক্ষা বিভাগের অনলাইন লাইব্রেরি "Education Resources Information Centre" (শিক্ষা সম্পদ তথ্য কেন্দ্র) বিভাগে তালিকাভুক্ত করা হয়। জানা যায়, এই নিবন্ধটি ২০২০ সালের মে মাসে অ্যাডভান্সড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইনস্টিটিউট প্রকাশ করেছিল।

এছাড়াও, চলতি বছরে ডঃ দাস ব্যাঙ্গালুরুর ইনস্টিটিউট অফ ক্লারস থেকে 'রিসার্চ এন্ডিলেপ্স অ্যাওয়ার্ড ২০২০' এবং চেম্বাই এর ভিডিওড প্রযুক্তি কারখানা থেকে 'সেরা গবেষক পুরস্কার ২০২০' অর্জন করেছেন।

উল্লেখ্য, ডঃ দাসের আবিষ্কৃত সহজ শিক্ষাদান পদ্ধতি ও সূত্রগুলি ৪টি মহাদেশ যথাক্রমে এশিয়া, ইউরোপ, উত্তর আমেরিকা এবং আফ্রিকা থেকে প্রকাশিত হয়েছিল। তাছাড়া এই সূত্রগুলি ইন্ডিয়ান ক্যামিকেল সোসাইটি, অ্যামেরিকান ক্যামিকেল সোসাইটি, আফ্রিকান ক্যামিকেল সোসাইটি, ক্যালিফোর্নিয়া ডেভিস বিশ্ববিদ্যালয়, নিউ ইয়র্ক সিটি কলেজ, আমেরিকান ইন্সটিটিউট অব সায়েন্স এবং ওপেন সায়েন্স রিসার্চ সোসাইটি আমেরিকায় সূচিবদ্ধ সহ মান্যতা পেয়েছিল।



 Share / Save 

This entry was posted in [ত্রিপুরা](#) by [santanu99](#). Bookmark the [permalink](#) [<https://newsupdateoftripura.com/archives/32047>].